

## জাগরণ

আজি মহা জাগরণ-দিনে  
ভারত জাগিয়া উঠেছে মাতিয়া,  
বাধিয়াছে রণ স্বাধীনতা নিয়া,  
স্বরূপ তাহার সারা বিশ্বের  
জাতিরা ফেলেছে চিনে ।  
মহাজাগরণ-দিনে ॥

আজি ভারত করেছে পণ,—  
সন্তান তার রবেনাক দাস,  
পরিবেনা তারা পরাধীন বাস,  
ফেলিবে তাহারা স্বাধীনতা-শ্বাস,  
মুক্ত করিবে ভারত-মাতারে  
সবে হয়ে এক-মন ।  
আজি ভারত করেছে পণ ॥

শ্রীতারাপদ রায়  
প্রথম বর্ষ (ক) বিভাগ ।

---